# সুষ্ঠু পরিবেশ নেই,'জনআকাঙ্ক্ষার সঙ্গে সাংঘর্ষিক নির্বাচনী রূপরেখা': জামায়াতের নায়েবে আমির



সংগৃহীত ছবি

নির্বাচনের সময়সূচি ঘোষণাকে স্বাগত জানালেও জাতীয় ঐকমত্য ও আলোচনার ঘাটতির কারণে প্রধান উপদেষ্টার ঘোষণাকে 'অপূর্ণ' এবং 'আদর্শ লঙ্ঘনকারী' হিসেবে আখ্যা দিয়েছে জামায়াতে ইসলামী। দলটির নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, নির্বাচনের জন্য এখনও প্রয়োজনীয় সুষ্ঠু পরিবেশ গড়ে ওঠেনি।

নির্বাচনের সময়সূচি ঘোষণাকে ইতিবাচক পদক্ষেপ হিসেবে দেখলেও সেটি যথাযথ আলোচনার মাধ্যমে না হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে জামায়াতে ইসলামী। বুধবার (৬ আগস্ট) দলীয় এক সংবাদ ব্রিফিংয়ে নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, "প্রধান উপদেষ্টা সব দলের সঙ্গে পরামর্শ না করেই সময়সীমা ঘোষণা করে রাজনৈতিক ঐতিহ্য লঙ্ঘন করেছেন।"

তিনি আরও বলেন, "নির্বাচনের জন্য এখনও সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হয়নি। তাড়াহুড়ো করে সময়সূচি ঘোষণা জনআকাঙ্ক্ষার প্রতিফলন নয়।"

তাহের অভিযোগ করেন, জুলাই ঘোষণাপত্র দেশের জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে। তাঁর ভাষায়, "প্রধান উপদেষ্টা একটি অপূর্ণ ও অস্পষ্ট ঘোষণাপত্র দিয়েছেন, যেখানে বাস্তবায়নের রূপরেখা স্পষ্ট নয়।"

তিনি জোর দিয়ে বলেন, "নির্বাচনের যে টাইমলাইন নির্ধারণ করা হয়েছে, তা অবশ্যই জুলাই সনদের আলোকে পুনর্বিবেচনা করতে হবে। তা না হলে এটি জনআকাঙ্ক্ষার পরিপন্থী হয়ে দাঁড়াবে।"